



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

১৪৫৫

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৭৮/৭৯/১৬


তারিখঃ ১৯/০১/২০১৭খ্রিঃ

বিষয় : তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন দেলজানিয়া দাখিল মাদরাসার সুপার এর বিরুদ্ধে প্রাক্তন সভাপতি জনাব মোঃ রিয়াজুল হক খন্দকার একখানা অভিযোগপত্র দাখিল করেছেন। অভিযোগপত্রে সুপার এর বিরুদ্ধে অনিয়মিত ক্লাশ পরিচালনা, মাদরাসায় অনিয়মিত আসা যাওয়া, দীর্ঘদিন যাবৎ কর্মস্থলে অনুপস্থিত থাকা, যে কোন প্রশিক্ষণে অংশগ্রহণকালে অন্য কোন শিক্ষককে ভারপ্রাপ্ত সুপার হিসাবে দায়িত্ব পালন না করা, নিয়মিত কমিটির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই পরবর্তী নিয়মিত কমিটি গঠন না করাসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।



প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার  
উলিপুর, কুড়িগ্রাম।

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৭৮/

তারিখঃ /০১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. সভাপতি, দেলজানিয়া দাখিল মাদরাসা, উলিপুর, কুড়িগ্রাম।
৪. সুপার, দেলজানিয়া দাখিল মাদরাসা, উলিপুর, কুড়িগ্রাম।
৫. জনাব মোঃ রিয়াজুল হক খন্দকার, প্রাক্তন সভাপতি, দেলজানিয়া দাখিল মাদরাসা, উলিপুর, কুড়িগ্রাম।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৯৬৭৪৮৭৪

বিষয়ঃ কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার ধামশ্রেণী ইউনিয়নের অবস্থিত দেলজানিয়া দাখিল মাদ্রাসার অনিয়ম, গোপনে  
ম্যানেজিং কমিটি গঠন প্রসঙ্গে। (মাদ্রাসা কোড-৪৬৫৯, উপজেলা কোড-৩৪০, জেলা কোড-৩৭, EIIN: 122677)

মহোদয়

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক আপনাকে জানানো যাইতেছে যে, জনাব মোঃ শাহাজাহান হোসেনী, সুপার, দেলজানিয়া দাখিল মাদ্রাসায় ১। ক্লাশে অনিয়মিত, ২। মাদ্রাসায় অনিয়মিত আসা যাওয়া এবং দীর্ঘদিন যাবৎ কর্মস্থলে অনুপস্থিত, ৩। সুপার ০২/১০/২০১৬ইং হইতে ২৫/১০/২০১৬ইং পর্যন্ত আই,সি,টি প্রশিক্ষণে অংশগ্রহণে সুপারের দায়িত্ব কাউকে না দেওয়া, ৪। ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে নতুন ম্যানেজিং কমিটি গঠনে বারংবার নিম্ন স্বাক্ষরকারী তাগিদ দিলেও ম্যানেজিং কমিটি গঠনের প্রক্রিয়া না চালানোর কারণে সুপার কে তিনটি কৈফিয়ত তলব করা হয়। উক্ত বিষয়ে সুপার কৈফিয়তের জবাব না দেওয়ার কারণে ম্যানেজিং কমিটির ১৫/১১/২০১৬ইং তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সুপার কে সাময়িক বরখাস্ত করে জনাব মোঃ আব্দুল কুদ্দুস, সহকারী মৌলভী কে ভারপ্রাপ্ত সুপার এর দায়িত্ব দেওয়া হয়। ভারপ্রাপ্ত সুপার এর দ্বারা সুষ্ঠুভাবে মাদ্রাসায় পরিচালিত হচ্ছিল।

অতীত দুঃখের বিষয় অনিয়ম, গোপনে সুপার ম্যানেজিং কমিটির মেয়াদ থাকাকালীন সময়ে সভাপতির স্বাক্ষর ব্যতিরেকে নতুন ম্যানেজিং কমিটির কাগজাদী মাদ্রাসা বোর্ডে প্রেরণ এবং বোর্ড কর্তৃক, দেলজানিয়া দাখিল মাদ্রাসার নতুন ম্যানেজিং কমিটি নং-৩৭৪৭/২/নথি নং-কুড়ি/১৭৮, তারিখঃ ১৬/১১/১৬ইং তারিখ মোতাবেক অনুমোদিত হয় যা নিম্ন স্বাক্ষরকারীর বোধগম্য নয়।

অতএব, সুপার কর্তৃক অনিয়ম, গোপনে ম্যানেজিং কমিটির সভাপতির স্বাক্ষর ব্যতিরেকে নতুন ম্যানেজিং কমিটি গঠনের কাগজাদি বোর্ডে প্রেরণের বিষয়টি তদন্ত পূর্বক নতুন ম্যানেজিং কমিটি বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয়ে অনুরোধ করা হল।


সংযুক্তিঃ

১। ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত ফটোকপি-০৩ খানা-০৪ পাতা।

২। কৈফিয়ত তলব এর ফটোকপি-০৩খানা-০৩পাতা।

৬১ POD- 1401261 Dt- 01.01.17

আপনার বিশ্বস্ত

  
(মোঃ রিয়াজুল হক খন্দকার)  
প্রাক্তন সভাপতি  
দেলজানিয়া দাখিল মাদ্রাসা  
ধামশ্রেণী, উলিপুর, কুড়িগ্রাম।  
মোবাঃ ০১৭৪০৮৪৯৮৯০

তারিখঃ ২৯/১২/২০১৬ইং

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ উলিপুর, কুড়িগ্রাম।

২। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলাঃ উলিপুর, কুড়িগ্রাম।